

মহাপরিচালকের জীবন বৃত্তান্ত



জনাব জাকিয়া খানম অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আওতাধীন জাতীয় সঞ্চয় অধিদপ্তর-এর মহাপরিচালক পদে ১ জানুয়ারি, ২০২৪ তারিখে যোগদান করেন। এ পদে যোগদানের পূর্বে তিনি ১৮/০৪/২০২২ হতে ৩১/১২/২০২৩ তারিখ পর্যন্ত শিল্প মন্ত্রণালয়ে অতিরিক্ত সচিব পদে কর্মরত ছিলেন। তিনি নারায়নগঞ্জ জেলার সদর উপজেলায় জন্মগ্রহণ করেন।

জনাব জাকিয়া খানম বিসিএস প্রশাসন ক্যাডারের ১৩ম ব্যাচের একজন কর্মকর্তা। তিনি ১৯৯৪ সালে বাংলাদেশ সিভিল সার্ভিসে যোগদান করেন। একজন দক্ষ ও দায়িত্ববান কর্মকর্তা হিসাবে তিনি বিভিন্ন সময় বিভিন্ন পদে কর্মরত অবস্থায় সফলতার প্রমাণ রাখেন। মাঠ প্রশাসনে তিনি সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট হিসাবে রাজবাড়ী জেলায় কর্মরত ছিলেন। এছাড়াও তিনি সহকারী কমিশনার(ভূমি) হিসেবে রাজবাড়ী সদর উপজেলায় কর্মরত ছিলেন।

কেন্দ্রীয় প্রশাসনে তিনি সহকারী সচিব হিসেবে নৌপরিবহন মন্ত্রণালয় এবং সিনিয়র সহকারী সচিব হিসেবে জনপ্রশাসন মন্ত্রণালয়ে দায়িত্ব পালন করেন। তিনি উপসচিব হিসেবে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে কর্মরত ছিলেন। তিনি যুগ্মসচিব হিসেবেও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে দক্ষতার সাথে দায়িত্ব পালন করেন।

জনাব জাকিয়া খানম অতিরিক্ত সচিব হিসাবে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং শিল্প মন্ত্রণালয়ে সুনামের সাথে দায়িত্ব পালন করেন।

তিনি বিভিন্ন সময়ে সরকারি দায়িত্বের অংশ হিসেবে যুক্তরাষ্ট্র, চীন, ভারত, থাইল্যান্ড, দক্ষিণ কোরিয়া ও নিউজিল্যান্ড-এ অনুষ্ঠিত বিভিন্ন প্রশিক্ষণ, ওয়ার্কশপ ও সেমিনারে অংশগ্রহণ করেন।

জনাব জাকিয়া খানম বাংলাদেশ নৌবাহিনী এর আওতাধীন চিটাগাং ড্রাইডক লি. এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি এর পরিচালনা পর্ষদের পরিচালক হিসেবে অত্যন্ত দক্ষতা এবং নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেন।

তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ে সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন।

ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিতা এবং তিন কন্যা সন্তানের জননী।